গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৮.০০২.২১.৩৭১ তারিখ: ১১ পৌষ ১৪৩০
২৬ ডিসেম্বর ২০২৩

বিষয়: সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদানের নিমিত্ত প্রার্থীগণ কর্তৃক আবেদন দাখিল এবং জেলা/উপজেলা কমিটি কর্তৃক তা প্রেরণের সময়সীমা পুনঃনির্ধারণ।

সূত্র: (১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫১.৯২.০০১.২৩.১৪২ তারিখ: ২০.১২.২০২৩
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৮.০০২.২১.৩৩৬ তারিখ: ২৮.১১.২০২৩

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। সূত্রস্থ (২) নম্বর স্মারকে সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদানের কার্যক্রম গ্রহণপূর্বক প্রার্থীগণ কর্তৃক আবেদন দাখিল এবং জেলা/উপজেলা কমিটি কর্তৃক তা প্রেরণের বিষয়ে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করা হয়েছে। উল্লেখ্য, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময় নির্ধারণ করার কারণে উপযুক্ত প্রার্থীগণ কর্তৃক উক্ত পুরস্কারের আবেদন দাখিল এবং জেলা/উপজেলা কমিটি কর্তৃক তা প্রেরণের সময়সীমা পুনঃনির্ধারণ করা হয়েছে।

০২। "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদানের নিমত্তি মাঠ পর্যায়ে প্রাপ্ত আবেদনসমূহ যথানিয়মে পুনঃনির্ধারিত সময়ের মধ্যে প্রেরণে ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০২ পৃষ্ঠা

২৬-১২-২০২৩
মোহাম্মদ সাইফুল ইসলাম ভূইয়া
যুগ্মসচিব
ফোন: ০২২২৩৩৫৫৪৪৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: dfal_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) জেলা প্রশাসক (সকল)
২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯২.০০১.২৩-১৪২

তারিখ : ০৫ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
২০ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদানের নিমিত্ত প্রার্থীগণ কর্তৃক আবেদন দাখিল এবং জেলা/উপজেলা কমিটি কর্তৃক তা প্রেরণের সময়সীমা পুনঃনির্ধারণ।

সূত্র : ১. এ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯২.০০১.২৩-১২৪, তারিখ:২২ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ
২. এ মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯২.০০১.২৩-১১৯, তারিখ: ১৬ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদানের কার্যক্রম গ্রহণপূর্বক প্রার্থীগণ কর্তৃক আবেদন দাখিল এবং জেলা/উপজেলা কমিটি নির্ধারিত সময়ের মধ্যে তা প্রেরণের বিষয়ে সূত্রস্থ ০১নং স্মারক মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ হতে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত তফসিল অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময় নির্ধারণ করা হয়েছে ০৭ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ। বাস্তবতার নিরিখে উপযুক্ত প্রার্থীগণ কর্তৃক উক্ত পুরস্কারের আবেদন দাখিল এবং জেলা/উপজেলা কমিটি কর্তৃক তা প্রেরণের সময়সীমা পুনঃনির্ধারণ করা হয়েছে। পুনঃনির্ধারিত সময়সীমা অনুযায়ী বিজ্ঞপ্তি **বাংলাদেশ প্রতিদিন** এবং **The Daily Observer** পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

২। শুধুমাত্র ঢাকা জেলার ক্ষেত্রে অনলাইন এবং অফলাইন উভয় মাধ্যমে জেলা প্রশাসক বরাবর আবেদন আহবান করা হয়েছে। চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরীর ক্ষেত্রে জেলা কমিটির সভাপতি হিসেবে সরাসরি জেলা প্রশাসক বরাবর এবং উপজেলা পর্যায়ে উপজেলা কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন দাখিলের **পুনঃনির্ধারিত সময় ১৫ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ** তারিখ পর্যন্ত। মাঠ পর্যায়ে ১৮-৪৫ বছর বয়সী প্রার্থীগণ কর্তৃক আবেদন দাখিল এবং প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক উপজেলা কমিটি - জেলা কমিটি - মন্ত্রণালয় বরাবর প্রেরণের সময়সীমা নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হয়েছে :

| ক্রম | বিষয় | ইতঃপূর্বে নির্ধারিত সময়সীমা | পুনঃনির্ধারিত সময়সীমা |
|---|---|---|---|
| ১. | মাঠ পর্যায়ে আবেদন দাখিল | ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ | ১৫ নভেম্বর, ২০২৩ হতে ১৫ জানুয়ারি, ২০২৪ পর্যন্ত |
| ২. | উপজেলা কমিটির জন্য | ০১ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ হতে ১৫ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ | ১৬ জানুয়ারি, ২০২৪ হতে ৩১ জানুয়ারি, ২০২৪ পর্যন্ত |
| ৩. | জেলা কমিটির জন্য | ১৬ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ হতে ০৪ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ | ০১ ফেব্রুয়ারি, ২০২৪ হতে ২০ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত |

৩। আবেদনপত্র প্রেরণের বিষয়ে কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে মাঠ পর্যায়ে সূত্রস্থ ০২ নং স্মারক মারফত ইতঃপূর্বে প্রেরিত নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে। অগ্রাধিকারভিত্তিতে উপজেলা ও জেলা পর্যায়ে পুনঃনির্ধারিত সময়সীমার মধ্যে আবেদনসমূহ প্রক্রিয়া সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণের ক্ষেত্রে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা প্রয়োজন। মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের ০৪.০০.০০০০.৫১২.০৬.০১২.১৭.১০১ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতি অনুযায়ী এ বিষয়ে গঠিত 'জেলা কমিটি' ও 'উপজেলা কমিটি'র সভাপতি যথাক্রমে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার।

৪। এমতাবস্থায়, "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদানের নিমিত্ত মাঠ পর্যায়ে প্রাপ্ত আবেদনসমূহ যথানিয়মে পুনঃনির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে সকল জেলা প্রশাসক ও সকল উপজেলা নির্বাহী অফিসার-কে মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০.১২.২০২৩
মো: জহিরুল ইসলাম
উপসচিব
ফোন : ৯৫১৩৩০৯

যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন)
মন্ত্রিপরিষদ বিভাগ
সিনিয়র সহকারী সচিব (মাঠ-১)
উপসচিব (মাঠ-২)
উপসচিব (মাঠ-৩)
উপসচিব (মাঠ-৪)
ব্যক্তিগত কর্মকর্তা
জায়েরী নং ৯৮৭৫
তারিখ ২১.১২.২৩
স্বাক্ষর

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃ: আ: অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)